গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩০/২০১৯-২০২০
ঢাকা, ৩ আগস্ট শনিবার ২০১৯, ১৯ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মশা দমন কার্যক্রম মনিটরিংয়ে দুই সিটিতে উপসচিব পর্যায়ের ১৫৪ কর্মকর্তা নিয়োগ দেওয়া হবে : প্রধানমন্ত্রীর কার্যালয়ে সমন্বয় সভায় সিদ্ধান্ত
২। ডেঙ্গু নিয়ন্ত্রণে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন সেতুমন্ত্রী
৩। ডেঙ্গু রোগীদের পাশে থাকুন : চিকিৎসকদের প্রতি তথ্যমন্ত্রী
৪। পবিত্র ঈদুল আজহা ১২ আগস্ট : জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত
৫। ঈদের আগেই গাইবান্ধার সাথে ট্রেন চলাচল স্বাভাবিক হবে : রেলমন্ত্রী
৬। ব্যাংককে আসিয়ানের আঞ্চলিক ফোরামের বৈঠকে রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী
৭। ডিসেম্বরের মধ্যে রাজাকারের তালিকা প্রকাশ : মেহেরপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৮। কৃষিপণ্য উৎপাদনে সরকার সব ধরনের সহযোগিতা করছে : কৃষিমন্ত্রী

চলমান পাতা-২

১। **মশা দমন কার্যক্রম মনিটরিংয়ে দুই সিটিতে উপসচিব পর্যায়ের ১৫৪ কর্মকর্তা নিয়োগ দেওয়া হবে : প্রধানমন্ত্রীর কার্যালয়ে সমন্বয় সভায় সিদ্ধান্ত**

ডেঙ্গু প্রতিরোধ ও এডিস মশার উৎসস্থল ধ্বংসের কার্যক্রম মনিটর করার জন্য রাজধানীর দুই সিটি করপোরেশনের ১৫৪টি ওয়ার্ডে উপসচিব পর্যায়ের জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫৪ জন কর্মকর্তা নিয়োগ দেওয়া হবে। গতকাল (২ আগস্ট শুক্রবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে ডেঙ্গু ও অন্যান্য সমসাময়িক বিষয় সংক্রান্ত এক সমন্বয় সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় আসন্ন ঈদের সময়ে ট্রাফিক ব্যবস্থাপনা ও নিরাপদ সড়ক ব্যবস্থাপনা সম্পর্কিত ইস্যু এবং জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় স্বাস্থ্যকর পরিবেশে কোরবানির পশু জবাই করার বিষয় নিয়েও আলোচনা করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

২। **ডেঙ্গু নিয়ন্ত্রণে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন সেতুমন্ত্রী**

ডেঙ্গু নিয়ন্ত্রণে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়ে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আমরা মনে করি, এটি একটি মানবিক ক্রাইসিস (সঙ্কট)। তাই সব শ্রেণী পেশার মানুষের এগিয়ে আসা উচিত। এ বিষয়ে সরকারের আন্তরিকতার কোন অভাব নেই। বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী কার্যকর ওষুধ বাংলাদেশে আনার ব্যবস্থা করা হচ্ছে, এ জন্য একটু ধৈর্য ধরতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও ডেঙ্গু প্রতিরোধ ও এডিস মশার বংশবিস্তার বন্ধে সারাদেশে সর্বাত্মক অভিযান পরিচালনা করতে সর্বস্তরের মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন বলে এসময় মন্ত্রী জানান। গতকাল (২ আগস্ট শুক্রবার) রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে ডেঙ্গু নিয়ন্ত্রণে পরিস্কার পরিচ্ছন্নতা ও সচেতনতামূলক এক শোভাযাত্রার উদ্বোধনকালে সেতুমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৩। **ডেঙ্গু রোগীদের পাশে থাকুন : চিকিৎসকদের প্রতি তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ মানবিক বিবেচনায় সার্বক্ষণিক ডেঙ্গু রোগীদের পাশে থাকার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২ আগস্ট শুক্রবার) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি) চত্বরে পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান উদ্বোধনকালে তিনি আরো বলেন, 'বেশির ভাগ চিকিৎসক মানবিক বিবেচনায় ডেঙ্গু রোগীদের পাশে দাঁড়ালেও চিকিৎসকদের একটি মহল ডেঙ্গুকে মহামারি হিসেবে ব্যবহার করে ব্যবসার চেষ্টা করছেন।' তিনি বলেন, চিকিৎসক নেতাদের অবশ্যই পদক্ষেপ নিতে হবে, যাতে কেউ ডেঙ্গুকে মহামারি হিসেবে ব্যবহার করে ব্যবসা করতে না পারে। মন্ত্রী আরো বলেন, ডেঙ্গু প্রতিরোধে সরকার ইতিমধ্যেই পদক্ষেপ নিয়েছে, তবে প্রত্যেককেই নিজ নিজ বসতবাড়ির চত্বর এবং আশেপাশের এলাকা পরিচ্ছন্ন করার পাশাপাশি মশার প্রজনন ক্ষেত্র ধ্বংস করতে হবে যাতে এডিস মশার বিস্তার না ঘটে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৪। **পবিত্র ঈদুল আজহা ১২ আগস্ট : জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত**

আগামী ১২ আগস্ট সোমবার পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। গতকাল (২ আগস্ট শুক্রবার) সন্ধ্যায় দেশের আকাশে পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। গতকাল ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম মসজিদ কার্যালয়ে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি শেখ মো. আব্দুল্লাহ। সভার পর প্রতিমন্ত্রী বলেন, সারাদেশ থেকেই চাঁদ দেখা গেছে। ১০ জিলহজ কোরবানির ঈদ হবে। এ হিসাবে ১২ আগস্ট ঈদুল আজহা উদ্‌যাপিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১)।

৫। **ঈদের আগেই গাইবান্ধার সাথে ট্রেন চলাচল স্বাভাবিক হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন গতকাল ২ আগস্ট শুক্রবার বাঁধভাঙা বন্যার পানির তোড়ে গাইবান্ধার ক্ষতিগ্রস্ত রেলপথ পরিদর্শন করেন এবং সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। এসময় রেলমন্ত্রী গাইবান্ধার বাদিয়াখালি রেল স্টেশনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদুল আজহার আগেই গাইবান্ধার ক্ষতিগ্রস্ত রেল লাইন সংস্কার করে ঈদে ঘরমুখো মানুষের চলাচল স্বাভাবিক করার নির্দেশনা দিয়েছেন। তাই দ্রুত ঠিকাদার নিয়োগ করে কাজ শুরু করা হয়েছে। নতুন করে প্রাকৃতিক দুর্যোগ যদি আর না দেখা দেয় তাহলে আগামী ৮ আগস্টের মধ্যে এ রুটে ট্রেন চলাচল স্বাভাবিক হবে এবং রেল যাত্রীরা ঈদ যাত্রায় স্বাচ্ছন্দ্যে বাড়ি ফিরতে পারবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৮)।

**৬।	ব্যাংককে আসিয়ানের আঞ্চলিক ফোরামের বৈঠকে রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গারা যাতে নিরাপদে তাদের মাতৃভূমি মিয়ানমারে ফিরে যেতে পারে সেজন্য আঞ্চলিক ফোরাম আসিয়ানভুক্ত দেশগুলোর সহযোগিতা কামনা করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (২ আগস্ট শুক্রবার) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে আসিয়ানের ২৬তম আঞ্চলিক ফোরামে দেওয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান। এসময় পররাষ্ট্রমন্ত্রী বলেন, রোহিঙ্গা সমস্যা দীর্ঘদিন ধরে অমীমাংসিত থাকলে তা পুরো অঞ্চলের নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য হুমকি হয়ে দাঁড়াবে। তিনি উত্তর রাখাইনে রোহিঙ্গাদের প্রত্যাবাসন ও তাদের জন্য বাসযোগ্য পরিবেশ তৈরি করতে আন্তর্জাতিক সম্প্রদায় বিশেষ করে আসিয়ানের সার্বিক ভূমিকা কামনা করেন। তিনি বলেন, বাংলাদেশ অনির্দিষ্টকালের জন্য রোহিঙ্গাদের ভার বহনের মতো অবস্থায় নেই উল্লেখ করে মন্ত্রী বলেন, এ সমস্যার সমাধান বৈশ্বিক দায়বদ্ধতা হওয়া উচিত। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২)।

**৭।	ডিসেম্বরের মধ্যে রাজাকারের তালিকা প্রকাশ : মেহেরপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, আগামী ডিসেম্বরের মধ্যে প্রকৃত মুক্তিযোদ্ধা ও স্বাধীনতা বিরোধীদের তালিকা প্রকাশ করা হবে। সে তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ, জেলা পরিষদ, মুক্তিযোদ্ধা অফিসের সামনে টানিয়ে দেওয়া হবে। গতকাল (২ আগস্ট শুক্রবার) মেহেরপুর মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কেন্দ্র প্রকল্পের স্থাপত্য নকশা অনুমোদন-সংক্রান্ত সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এতদিন উচ্চ আদালতের নিষেধাজ্ঞার কারণে তালিকা প্রকাশ করা যায়নি উল্লেখ করে মন্ত্রী বলেন, দেশের প্রতিটি জায়গায় মুক্তিযোদ্ধাদের নামে সড়ক, ব্রিজ, কালভার্ট নির্মাণ করা হবে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম মুক্তিযোদ্ধাদের সম্পর্কে জানতে পারে। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিবনগরকে স্বাধীনতার তীর্থভূমি হিসেবে গড়ে তুলতে এক হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। ৩৭ একর জমিও অধিগ্রহণ করা হচ্ছে, যার কাজ শুরু হবে আগামী ১৭ এপ্রিলের আগে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৮।	কৃষিপণ্য উৎপাদনে সরকার সব ধরনের সহযোগিতা করছে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেছেন, সরকার কৃষিপণ্য উৎপাদনে সব ধরনের সহযোগিতা করছে। তিনি এ সুযোগ কাজে লাগিয়ে কৃষিপণ্য উৎপাদনে আরও বেশি মনযোগী হওয়ার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বর্ষাকাল বৃক্ষরোপণের উপযুক্ত সময়। এ সময়টাকে কাজে লাগাতে হবে। গতকাল (২ আগস্ট শুক্রবার) কুমিল্লার দাউদকান্দি উপজেলায় ৩ দিনব্যাপী বৃক্ষমেলার উদ্বোধনকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।